

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
সার্ক ও বিমসটেক অনুবিভাগ  
বিমসটেক শাখা  
ঢাকা

নং- ১৯.০০.০০০০.৩১৬.৩৩.০৩০.২১/১২৫

তারিখঃ ২০ মার্চ ২০২২

প্রেরক : মোসাঃ আশিফা আশরাফ  
সহকারী সচিব (বিমসটেক)  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপক : জনাব ড. এ. কে. আব্দুল মোমেন, এম.পি.  
মাননীয় পররাষ্ট্র মন্ত্রী  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয় : আগামী ২৯-৩০ মার্চ ২০২২ তারিখে শ্রীলঙ্কার কলম্বোতে অনুষ্ঠিতব্য “১৮তম বিমসটেক পররাষ্ট্র মন্ত্রী পর্যায়ের সভা” এ বাংলাদেশ প্রতিনিধি দলের দলনেতা এবং “পঞ্চম বিমসটেক শীর্ষ সম্মেলন” এ বাংলাদেশ প্রতিনিধি দলের সদস্য হিসেবে যোগদানের জন্য মাননীয় পররাষ্ট্র মন্ত্রী জনাব ড. এ. কে. আব্দুল মোমেন, এম.পি’র-(সত্রীক)-এর শ্রীলঙ্কা সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন প্রসঙ্গে

জনাব,

উপর্যুক্ত বিষয়ে নিম্নস্বাক্ষরকারী নির্দেশিত হয়ে আগামী ২৯-৩০ মার্চ ২০২২ তারিখে শ্রীলঙ্কার কলম্বোতে অনুষ্ঠিতব্য “১৮তম বিমসটেক পররাষ্ট্র মন্ত্রী পর্যায়ের সভা” এ বাংলাদেশ প্রতিনিধি দলের দলনেতা এবং “পঞ্চম বিমসটেক শীর্ষ সম্মেলন” এ বাংলাদেশ প্রতিনিধি দলের সদস্য হিসেবে যোগদানের জন্য আপনার অনুকূলে সরকারি প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছে।

০২। এ প্রশাসনিক মঞ্জুরি নিম্নবর্ণিত শর্ত ও বিধি সাপেক্ষে প্রযোজ্য হবে :

- ক) উপর্যুক্ত সভায় অংশগ্রহণকাল (ভ্রমণকাল, ট্রানজিটকাল সহ) সরকারি কাজে কর্তব্যরত বলে গণ্য হবে এবং আপনার বেতন ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না;
- খ) উপরিলিখিত সফরের ব্যয়ভার পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের বরাদ্দকৃত বাজেটের সংশ্লিষ্ট খাত থেকে নির্বাহ করা হবে;
- গ) উপর্যুক্ত সভায় যোগদানের জন্য আপনি আগামী ২৮ মার্চ ২০২২ বা তার নিকটবর্তী তারিখে ঢাকা ত্যাগ করবেন এবং ৩১ মার্চ ২০২২ বা তার নিকটবর্তী তারিখে ঢাকায় প্রত্যাবর্তন করবেন;

০৩। জনস্বার্থে ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

আ.শা.  
20.03.2022  
(মোসাঃ আশিফা আশরাফ)  
সহকারী সচিব (বিমসটেক)  
ফোনঃ ২২৩৩৯০৭৩০

E-mail: asbimstec@mofa.gov.bd

নং- ১৯.০০.০০০০.৩১৬.৩৩.০৩০.২১/১২৫

তারিখঃ ২০ মার্চ ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। অতিরিক্ত পররাষ্ট্র সচিব (সার্ক ও বিমসটেক), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৩। পরিচালক (এফএমও/এফএসও/এসএমও/অর্থ/ সংস্থাপন/সার্ক ও বিমসটেক), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৪। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৫। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ০৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ০৭। বাংলাদেশ হাই-কমিশন, কলম্বো, শ্রীলঙ্কা।
- ০৮। অফিস কপি।

আ.শা.  
20.03.2022  
(মোসাঃ আশিফা আশরাফ)  
সহকারী সচিব (বিমসটেক)